# আরব সাগরে মার্কিন রণতরীকে লক্ষ্য করে ইরানের হামলা



সংগৃহীত ছবি

আরব সাগরে অবস্থানরত মার্কিন বিমানবাহী রণতরী ইউএসএস আব্রাহাম লিংকন-কে লক্ষ্য করে মিসাইল নিক্ষেপের দাবি করেছে ইরান। তেহরানের ভাষ্য অনুযায়ী, হামলায় জাহাজটিতে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে। তবে এ বিষয়ে এখনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি যুক্তরাষ্ট্র।

এর আগে ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্র সাইপ্রাস-কে লক্ষ্য করে ইরান ক্ষেপণাস্ত্র ছুড়েছে বলে অভিযোগ তোলেন ব্রিটিশ প্রতিরক্ষামন্ত্রী জন হিলি। তার দাবি, দুটি ক্ষেপণাস্ত্র সাইপ্রাসের দিকে নিক্ষেপ করা হলেও সেগুলো সরাসরি ব্রিটিশ সামরিক ঘাঁটি লক্ষ্য করে ছিল না।

এদিকে হামলার সম্ভাব্য লক্ষ্যস্থলের কাছাকাছি বাহরাইন-এ প্রায় তিন শতাধিক ব্রিটিশ সেনা অবস্থান করছিলেন। তাদের কয়েকজন হামলার স্থান থেকে অল্প দূরত্বে ছিলেন বলে জানা গেছে। এ ঘটনাকে ইরানের পাল্টা পদক্ষেপের 'নির্বিচার' উদাহরণ হিসেবে উল্লেখ করেন জন হিলি।

পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠার আশঙ্কায় মধ্যপ্রাচ্যে প্রতিরক্ষামূলক প্রস্তুতির অংশ হিসেবে আকাশে যুদ্ধবিমান মোতায়েনের ঘোষণা দেন ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার। সাম্প্রতিক ঘটনাপ্রবাহে অঞ্চলজুড়ে উত্তেজনা নতুন মাত্রা পেয়েছে।

LENS ASIA